

তাপদাহ কারণে, বোরো, আমসহ অন্যান্য ফসল রক্ষার জন্য করণীয়।

০১। বর্তমানে বোরো ফসল অধিকাংশ হেডিং ও ফ্লাওরিং ও নরম দানা স্তরে রয়েছে। জেলায় বর্তমানে ৪০ সেন্টিগ্রেড এর উপরে তাপমাত্রা বিরাজমান। এই তাপদাহের প্রভাবে বোরো ফসলের পরাগায়নের বিঘ্ন সৃষ্টি হয়ে ধান চিটা হতে পারে। তাপদাহ প্রভাব থেকে ধান ফসলকে রক্ষা করতে ধান ক্ষেত্রে ২-৩ ইঞ্চি পানি ধরে রাখতে হবে এবং পটাশ সার ১০ লিটার পানিতে ১০০ গ্রাম হারে অথবা ১০ লিটার পানিতে ৬০ গ্রাম পটাশ সার + ৬০ গ্রাম থিউভিট মিশিয়ে ৫ শতাংশ হারে জমিতে প্রয়োগ করার পরামর্শ দেওয়া হলো।

০২। বর্তমানে আম ফসল অধিকাংশ গুটি স্তরে রয়েছে। তাপদাহ প্রভাবের ফলে আম ফসলের গুটি ঝরে যেতে পারে। আম গাছে সেচ প্রয়োগ অব্যাহত রাখতে হবে।

০৩। অন্যান্য ফসলকে বর্তমান তাপদাহের প্রভাব হতে রক্ষার জন্য ফসলে সেচ প্রয়োগ করতে হবে।